

খুলনা জেলা কারাগার
অন্তর্মুখী ডাক
জেলা সুপার
তারিখ ১১/১১/২৬

সীমিত

স্টেশন সদর দপ্তর জাহানাবাদ
জাহানাবাদ সেনানিবাস

তারালাপনীঃ ৭৮৫০০১ বর্ধিত ২৭৩৬

২৩.০৫.৯৫৬.৬৭৪.০১.০৮৯.০১.০৫.১১.২৬

০৫ নভেম্বর ২০২৬ .

ফুলতলা ক্ষুদ্রাস্ত্র ফায়ারিং রেঞ্জ বরাদ্দ করণ প্রসংগ - জেলা সুপারের কার্যালয়, খুলনা

বরাতঃ

ক। জেলা সুপারের কার্যালয়, খুলনা জেলা কারাগার-১ পত্র নং ৫৮.০৪.৪৭০০.১৩৬.০৪.০২৬.২০২৬-২৮৭৭ তারিখ ০৪ নভেম্বর ২০২৬ (সকলকে নয়)।

১। বরাত পত্রের প্রেক্ষিতে ফুলতলা ক্ষুদ্রাস্ত্র ফায়ারিং রেঞ্জটি **আগামী ১৪ নভেম্বর ২০২৬ তারিখ** (০৬০০ ঘটিকা হতে ১৬০০ ঘটিকা) আপনাদের অনুকূলে বরাদ্দ করা হলো। উল্লেখ্য, কোন কারনে ফায়ারিং রেঞ্জ ব্যবহার না করলে তা এই সদর দপ্তরকে অবগত করার জন্য অনুরোধ করা হলো। এছাড়াও ফায়ারিং রেঞ্জ ফায়ারের উপযোগী কিনা তা নিশ্চিত হওয়ার জন্য ফায়ারের পূর্বের দিন ০১৭৬৯-৫৬৫৬২৭ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

২। ফায়ারিং রেঞ্জের স্থায়ী নির্দেশিকা অনুযায়ী ফায়ারিং অনুশীলন চলাকালীন এবং অনুশীলন শেষে নিম্নোক্ত বিষয়গুলো নিশ্চিত করতে অনুরোধ করা হলোঃ

ক। ফায়ার শুরুর পূর্বে রেঞ্জ এবং তার পার্শ্ববর্তী এলাকার সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

খ। ফায়ার চলাকালীন সংশ্লিষ্ট থানা থেকে পুলিশ নিয়োগের বিষয়টি নিশ্চিতপূর্বক রেঞ্জ এলাকায় স্থানীয় লোকজন এবং গবাদি পশুর বিচরণ বন্ধের নিমিত্তে পুলিশ কর্তৃক সংশ্লিষ্ট সকলকে সতর্ক করতে হবে। স্থানীয় লোকজনকে এ ব্যাপারে সতর্ক করা হয়েছে এই মর্মে নিয়োগকৃত পুলিশ কর্মচারীর নিকট থেকে লিখিত সনদপত্র গ্রহণ করতে হবে এবং তার কপি অত্র সদর দপ্তরে জমা দিতে হবে।

গ। অনুমোদিত অস্ত্র দ্বারা ১০০ মিটার দুরত্ব হতে ফায়ার করতে হবে। কোন ভাবেই ১০০ মিটারের কম বা বেশি দুরত্ব হতে ফায়ার করা যাবে না।

ঘ। নির্দিষ্ট স্থানে টার্গেট স্থাপন করতঃ শুধুমাত্র টার্গেটে ফায়ার করতে হবে। টার্গেট ব্যতীত বাফেল ওয়াল বা অন্য কোথাও ফায়ার করা যাবে না।

ঙ। উক্ত রেঞ্জে স্বয়ংক্রিয় অস্ত্র/এলএমজি ফায়ার করা যাবে না।

চ। উক্ত রেঞ্জে কোন ট্রেসার রাউন্ড ফায়ার করা যাবে না।

ছ। ফায়ারের জন্য প্রচলিত নিয়ম ও পদ্ধতি অনুসরণ করতে হবে।

জ। যে কোন ধরনের অনাকাংখিত দুর্ঘটনা রোধে যথোপযুক্ত নিরাপত্তামূলক ব্যবস্থা নিশ্চিত করতে হবে। ফায়ার শেষে টার্গেট পয়েন্টের পিছনের প্রতিরোধ দেয়ালে পর্যাপ্ত পানি ছিটাতে হবে।

ঝ। শুকনো ঘাস, গুল্ম, লতা-পাতা এবং আবর্জনা যা দ্বারা আগুন লাগার সম্ভাবনা থাকে তা নির্দিষ্ট স্থানে সরিয়ে ফেলা।

ঞ। ফায়ারিং রেঞ্জ এলাকায় কোন অবস্থাতেই কোন কিছু পোড়ানো বা ধ্বংস করা যাবে না। বিড়ি সিগারেটের উচ্ছিষ্টাংশ এবং দাহ্য পদার্থ ফায়ারিং রেঞ্জ এলাকায় যত্রতত্র ফেলা যাবে না।

ট। ফায়ারিং অনুশীলনকালীন সময়ে রেঞ্জ এবং উহার পার্শ্ববর্তী এলাকার যাতে কোন ক্ষয়ক্ষতি না হয় সে বিষয়ে যথাযথঃ সতর্কতামূলক ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

ঠ। ফায়ারিং এর ফলে ফায়ারিং রেঞ্জের কোন ক্ষতি সাধিত হলে রেঞ্জ ত্যাগ করার পূর্বে সংশ্লিষ্ট ইউনিট/সংস্থা কর্তৃক প্রয়োজনীয় মেরামত কাজ সম্পন্ন করতে হবে।

ড। ফায়ারিং অনুশীলন শেষে রেঞ্জ এবং উহার পার্শ্ববর্তী এলাকার কোন ক্ষয়ক্ষতি হয়নি এই মর্মে একটা সনদপত্র অত্র সদর দপ্তরে জমা দিতে হবে।

ঢ। মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং সরকার ঘোষিত ভিভিআইপি/ভিআইপিগণের সফর/পরিদর্শণকালে ফায়ারিং রেঞ্জে কোন প্রকার ফায়ার করা যাবে না।

ণ। ফায়ারিং শেষে ফায়ারিং রেঞ্জের পরিস্কার পরিচ্ছন্নতা যথাঃ খালি পানির বোতল, পরিত্যক্ত পলিথিন, ডাবের খোসা, বিস্কুট এর প্যাকেট, উচ্ছিষ্ট খাবার ইত্যাদি ফায়ার শেষে ফায়ারিং রেঞ্জ হতে অপসারণ নিশ্চিত করতে হবে।

CamScanner

ঙ। বিশেষ প্রয়োজনে কর্তৃপক্ষ এই বরাদ্দ পত্র বাতিল করতে পারবে।

থ। বরাদ্দকৃত তারিখে ফায়ারিং শুরু করার পূর্বে আপনাদের উপযুক্ত প্রতিনিধি কর্তৃক এই সদর দপ্তরে কর্মরত স্টেশন স্টাফ অফিসার (মোবাইল নং ০১৭৬৯৫৬২৭৩৬) এর নিকট হতে ব্রীফিং গ্রহণ পূর্বক ফায়ারিং পরিচালনা করতে অনুরোধ করা হলো।

৩। অনুচ্ছেদ ২ এ উল্লেখিত নির্দেশনার কোন ব্যত্যয় পরিলক্ষিত হলে তাৎক্ষনিকভাবে ফায়ার বন্ধ করতঃ রেঞ্জ বরাদ্দ বাতিল করা হবে।

৪। আপনাদের অবগতি ও পরবর্তী কার্যক্রমর জন্য প্রেরণ করা হলো।

মোঃ রায়হানুল ইসলাম
ক্যাপ্টেন
পক্ষে স্টেশন কমান্ডার

বিতরণঃ

বহির্গমনঃ

কার্যক্রমঃ

জেলা সুপারের কার্যালয়, খুলনা জেলা কারাগার-১
সিটি বাইপাস সড়ক, পিপড়ামারী, খুলনা

অবগতিঃ

এবিয়া সদর দপ্তর যশোর (জিএস শাখা)

অভ্যন্তরীণঃ

সংস্থাপন শাখা (সিএসএম)

CamScanner